

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
ওয়েবসাইট-<http://lama.bandarban.gov.bd>

স্মারক নং-০০.০০.০৩৫১.২০৮.০৩.০৩১.২০১৮-৭৮১

তারিখ:-১৯/০৮/২০১৮খ্রি:।

বিষয়ঃ লামা উপজেলা ইনোভেশন টিমের নাগরিক সেবায় উদ্ভাবনী আইডিয়া প্রেরণ প্রসঙ্গে।


সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নং- ০৫.৪২.০৩০০.২০৮.০১.০০২.২০১৮-১৩১, তারিখ: ২৫/০৭/২০১৮খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে লামা উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের ইনোভেশন টিমের উদ্ভাবনী আইডিয়াসমূহ সংযুক্ত পত্রসহকারে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল।

সংযুক্ত: ০১ প্রস্থ।

জেলা প্রশাসক,
বান্দরবান পার্বত্য জেলা।

দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত জেলা প্রশাসক,
বান্দরবান পার্বত্য জেলা।




(নুর-এ-জান্নাত রুমি)

উপজেলা নির্বাহী অফিসার
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
ইমেইল: unolama@mopa.gov.bd

**লামা উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ের উদ্যোগে নাগরিক সেবায় উদ্ভাবনী আইডিয়া
উদ্ভাবন প্রকল্প ছক**

ক্রম	শিরোনাম	কার্যক্রম বাস্তবায়নের প্রক্রিয়া/বিবরণ				
০১	উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম:	লামা উপজেলাস্থ সকল ইউনিয়ন পরিষদসমূহের অন্তর্গত দফাদার, মহল্লাদার, সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা আসনের সদস্য ও চেয়ারম্যানগণের সম্মানী ভাতা বিতরণ প্রক্রিয়া সহজকীকরণ				
০২	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নকারী কর্মকর্তা:	নূর এ জান্নাত রুমি, উপজেলা নির্বাহী অফিসার, লামা, বান্দরবান পার্বত্য জেলা।				
০৩	সমস্যার সংক্ষিপ্ত বিবরণ:	বান্দরবান পার্বত্য জেলার লামা উপজেলা একটি দুর্গম পাহাড়ী জনপদ। এ উপজেলার সকল ইউপি সমূহে যাতায়াত ব্যবস্থাসহ আধুনিক জীবন যাপনের ক্ষেত্রে অনেক পিছিয়ে। উপজেলা সদর সকল ইউপি সমূহের অন্তর্গত দফাদার, মহল্লাদার, সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা আসনের সদস্য ও চেয়ারম্যানগণের সম্মানী গ্রহণের ক্ষেত্রে সময় ও সুবিধা বঞ্চিত সেহেতু নাগরিক সেবায় সম্মানী ভাতা বিতরণ প্রক্রিয়া সহজকীকরণ উদ্ভাবনী আইডিয়াটি বাস্তবায়ন করলে, সময় ও ব্যয় বাঁচবে বলে আমরা আশাবাদী।				
০৪	সমাধান প্রক্রিয়া:	এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদসমূহের অন্তর্গত দফাদার, মহল্লাদার, সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা আসনের সদস্য ও চেয়ারম্যানগণের তথ্যসমূহ যেমন মোবাইল নাম্বার ও এনআইডি নাম্বার সহ প্রয়োজনীয় তথ্যাবলী ডাটা বেইজ তৈরীর মাধ্যমে সম্মানী ভাতা বিতরণকালে মোবাইল নোটিফিকেশন সিস্টেম এর মাধ্যমে জানান দেয়া হবে। এর মাধ্যমে উল্লেখিত সুবিধাভোগীগণ অতি সহজেই যারযার নির্ধারিত একাউন্ট হতে সম্মানী ভাতা উত্তোলনের পথ সুগম হবে।				
০৫	বিদ্যমান প্রসেস:	ইতোপূর্বে এ উপজেলার বিদ্যমান ইউনিয়ন পরিষদ সমূহের অন্তর্গত দফাদার, মহল্লাদার, সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা আসনের সদস্য ও চেয়ারম্যানগণের নামে কোন ডাটাবেইজ নেই।				
০৬	প্রস্তাবিত প্রসেস:	লামা উপজেলার সকল ইউনিয়ন পরিষদসমূহের অন্তর্গত দফাদার, মহল্লাদার, সাধারণ সদস্য, সংরক্ষিত মহিলা আসনের সদস্য ও চেয়ারম্যানগণের নামে বরাদ্দকৃত সম্মানী ভাতাসমূহ তাদের নামে প্রস্তুতকৃত একাউন্টসমূহ যা, বাংলাদেশ কৃষিব্যাংক, লামা শাখায় অটোমেটেড শীটের মাধ্যমে প্রদান করা এবং তাদের নাম ও মোবাইল অনলাইন সার্ভারে সংযোগ থাকার কারণে একাউন্ট এ সম্মানীর টাকা অনলাইন এ পোস্টিং দেয়ার সাথে সাথে স্বয়ংক্রিয় মেসেজ নোটিফিকেশন এর মাধ্যমে জানানো সম্ভব হবে। যার ফলে উল্লেখিত সুবিধাভোগীগণ অতি সহজেই যার-যার নির্ধারিত একাউন্ট হতে সম্মানী ভাতা উত্তোলন করতে পারবেন। এতে করে সময় ও অর্থ ব্যয় রোধ হবে।				
০৭	ফলাফল:	TCV (Time, Cost and Visit):				
		আইডিয়া	সময়	ব্যয়	যাতায়াত	মন্তব্য
		বাস্তবায়নের আগে	প্রতিবার ৪-৮ ঘন্টা	৫০০- ১০০০/-	১-৩ বার	ইউনিয়ন পরিষদ থেকে উপজেলা কার্যালয়ে যাতায়াত
বাস্তবায়নের পরে	১ম বার এ ০.৩০ ঘন্টা	৫০- ২০০/-	নিজ সময়ে/ ১ বার	ব্যাংক থেকে উত্তোলন করার কারণে উপজেলা কার্যালয়ে যাতায়াতের কোন প্রয়োজন নেই।		
০৮	পাইলটের স্থান:	লামা উপজেলাস্থ সকল ইউনিয়ন পরিষদ কার্যালয়				
০৯	বাস্তবায়ন কাল:	০১ মাস (লজিস্টিক সাপোর্টের সাপেক্ষে)				
১০	টিম সদস্য:	১. উপজেলা নির্বাহী অফিসার, লামা,-----আহ্বায়ক ২. সেকশন ক্লার্ক/ অফিস সহকারী, অত্রাফিস -----সদস্য ৩. ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক, লামা শাখা-----সদস্য সচিব।				
১১	প্রয়োজনীয় রিসোর্স:	একজন ডাটা ইন্ট্রি অপারেটর/আইটি এক্সপার্ট/ অফিস সহকারী, প্রয়োজনীয় বাজেট।				


(নূর-এ-জান্নাত রুমি)

উপজেলা নির্বাহী অফিসার

লামা, বান্দরবান পার্বত্য জেলা।

ফোন: ০৩৬১-৭১০০২(অফিস) ৭১০০৩(বাসা)

ইমেইল-unolama@mopa.gov.bd